দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JAN 1987
পৃষ্ঠা 1 কলাম 4
ডকুমেন্টেশন

## এসএসসি পরীক্ষার্থী মনোনয়নে অসদুপায়

# ৯টি হাইস্কুলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

॥ নাজমুল হাসান ॥

পরীক্ষার্থীদের অর্থের বিনিময়ে অনিয়মিত এসএসসি পরীক্ষার্থী হিসাবে গত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করিয়া দেওয়ার অভিযোগে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন ৯টি হাইস্কুলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। ঢাকা শহর ও অন্যান্য জেলা সদরের একশ্রেণীর পরীক্ষার্থী নকলের সুযোগ গ্রহণের জন্য মফস্বল এলাকার এ সকল স্কুল হইতে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ৮৬ সালের এসএসসি পরীক্ষায় অবতীর্ণ হইয়াছিল। এই ৯টি স্কুলের প্রধান শিক্ষককে সাসপেণ্ড করা হইয়াছে, স্কুলগুলির অনুদান বন্ধেরও চিন্তাভাবনা চলিতেছে। এ সকল স্কুল হইতে এসএসসি পরীক্ষায় অবতীর্ণ সকল পরীক্ষার্থীর ফল স্থগিত রাখা হইয়াছিল। পরে কিছু কিছু পরীক্ষার্থীর ফল প্রকাশ করা হয়। (২য় পৃঃ দ্রঃ)

## ৯টি হাই স্কুল

(১ম পৃঃ পর)

চলতি বৎসরের ৭ই মার্চ হইতে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার পরীক্ষার্থীদের মধ্যেও পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের প্রবণতা লক্ষ্য করা যাইতেছে। শহরাঞ্চলেরবেশ কিছু সংখ্যক পরীক্ষার্থী মফস্বলের পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেওয়ার জন্য অনিয়মিত ছাত্র হিসাবে গ্রামাঞ্চলের স্কুল হইতে ফরম পূরণ করিয়াছে।

গত বৎসর বহু সংখ্যক বাহিরের পরীক্ষার্থীকে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ করিয়া দেওয়ার জন্য যে সকল স্কুলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে সেগুলি হইতেছে: সাভারের জাহাঙ্গীরনগরটি, আমিন হাইস্কুল, নেত্রকোনার লেংগুরা কলমাকান্দা হাইস্কুল, সাভারের ইদরকান্দি হাইস্কুল, গাজীপুরের গাছা হাইস্কুল, মির্জাপুরের গেরামারা-গোহাইল সবুজসেনা হাইস্কুল, বানিয়াজন সিটি হাইস্কুল, ময়মনসিংহের হাজী ওছমান আলী হাইস্কুল, নরসিংদীর শিমুলিয়া হাইস্কুল ও ব্রাহ্মণদি হাইস্কুল।

টি আমিন উচ্চ-বিদ্যালয় গত বৎসর ৪ শত ২০ জন পরীক্ষার্থীকে সেণ্ট আপ করিয়াছিল, তন্মধ্যে ২ শত ২০ জন ছিল বাহিরের অনিয়মিত পরীক্ষার্থী। লেংগুরা-কলমাকান্দা হাইস্কুল ১ শত ৪৪ জন পরীক্ষার্থীকে সেণ্টআপ করিয়াছিল, উহাদের মধ্যে ১ শত ২১জনই ছিল বাহিরের। ইছরকান্দি হাইস্কুল সেণ্টআপ করিয়াছিল ১শত ৮২ জন পরীক্ষার্থীকে কিন্তু তাহাদের ১জন মাত্র এই স্কুলের নিয়মিত ছাত্র অবশিষ্ট ১ শত ৮১জনই বাহিরের। গাছা হাইস্কুল সেণ্টআপ করিয়াছিল ১ শত ৮২কে, তন্মধ্যে১ শত ৭৮ জন বাহিরের। গেরামারা হাইস্কুল ১ শত ২৬ জনকে সেণ্ট আপ করিয়াছিল, উহাদের ৭৮ জন বাহিরের। বানিয়াজন সিটি হাইস্কুল ২৭৫ জন পরীক্ষার্থীকে সেণ্টআপ করিয়াছিল, তাহাদের মধ্যে ১ শত ১৩ জন অনিয়মিত বাহিরের। হাজী ওছমান আলী হাইস্কুল ৯৬ জনকে সেণ্টআপ করিয়াছিল, উহাদের ৩৪ জন বাহিরের। শিমুলিয়া হাইস্কুল সেণ্টআপ করিয়াছিল ৫৮ জনকে; কিন্তু তাহাদের ৫০ জনই বাহিরের। ব্রাহ্মণদি হাইস্কুল সেণ্টআপ করিয়াছিল ৪৭ জনকে, উহাদের ২ জন মাত্র ঐ স্কুলের ছাত্র, অবশিষ্ট ৪৫ জনই বাহিরের। ১৯৮৭ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নারায়ণগঞ্জের একটি হাইস্কুল ২ শত ৮২ জন ছাত্রকে সেণ্টআপ করিয়াছে। কিন্তু ইহাদের মধ্যে মাত্র ৪০জন ঐ স্কুলের ছাত্র, অবশিষ্ট ২শত ৪২ জনই বাহিরের।